

# দর্শন

কে রে হৃদয়ে জাগে, শান্ত শিতল রাগে,  
মোহতিমির নাশে, প্রেমমলয়া বয়;  
ললিত মধুর আঁখি, করুণা-অমিয় মাখি',  
আদরে মোরে ডাকি', হেসে হেসে কথা কয়।  
কহিতে নহিক ভাষা, কত সুখ, কত আশা,  
কত স্নেহ ভালোবাসা, সে নয়নকোণে রয়!  
সে মধুরী অনুপম, কান্তি মধুর, কম,  
মুগ্ধ মানসে মম, নাশে পাপ তাপ ভয়!  
বিষয়বাসনা যত, পূর্ণভজনব্রত,  
পুলকে হইয়া নত, আদরে বরিয়া লয়;  
চরণ পরশ ফলে, পতিত চরণতলে,  
স্তম্ভিত রিপুদলে, বলে হোক্ তব জয়!